# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

**৬৬তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৭ এপ্রিল ২০১৩ ইং।**

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১৩ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী - ১ ঃ* গত ১৩ মার্চ ২০১৩ তারিখের একজিকিউটভ কমিটির ৬৫তম সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে আলোচনা করা হয়।<br><br>কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের জন্য ডাঃ পারভীন হক চৌধুরী প্রস্তাব করেন এবং ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ২ ঃ* বারিধারা ডিওএইচএস এর অন্যন্যা গেইট, স্কুল গেইট, বারিধারা গেইট নির্মাণের ব্যাপারেও সভাপতি সকল সদস্যদের সাথে আলোচনা করেন এবং সর্বশেষ অবস্থা সম্পর্কে অবহিত করেন। গেইট গুলি নির্মাণের ব্যাপারে AGM এর সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহনের জন্য মতামত প্রদান করেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ৩ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকার মেরামতকৃত সকল রাস্তা কবে নাগাদ সম্পন্ন হবে নির্বাহী পর্ষদের সদস্যরা সে বিষয়ে জানতে চান। আগামী ৩০ এপ্রিল ২০১৩ তারিখের মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মেরামত সম্পন্ন করা হবে বলে সভাপতি সকল সদস্যকে অবহিত করেন। | সভাপতি |
| *আলোচ্যসূচী - ৪ ঃ* বারিধারা ডিওএইচএস এর এ্যাম্বুলেন্স রাখার ঘরে ওয়ানস্টপ সার্ভিস চালু যথা ইলেকট্রিশিয়ান, প্লাম্বার সার্বক্ষনিক ভাবে উপস্থিত থাকার ব্যাপারে আলোচনা করা হয়।<br><br>*সিদ্ধান্ত ঃ* 'সভায় সর্ব-সম্মতিক্রমে এ্যাম্বুলেন্স রাখার ঘরে ওয়ানস্টপ সার্ভিস যথা, ইলেকট্রিশিয়ান, প্লাম্বার নিয়োজিত থাকবে বলে সিদ্ধান্ত গৃহীত হয় ও উক্ত ঘরটি কার্যপযোগী করা এবং ইলেকট্রিশিয়ান, প্লাম্বার কর্তৃক বিভিন্ন কাজের জন্য মজুরী নির্ধারণের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয় যা নিম্নরূপঃ<br><br>সভাপতি ঃ ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ)<br>বাড়ী # ৫৪০, রোড # ১২<br><br>সদস্য-১। ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন (অবঃ)<br>বাড়ী # ৪০৭/৯, রোড # ০৭<br><br>সদস্য-২। কর্ণেল কাজী আশরাফ উদ্দিন আহমেদ (অবঃ)<br>বাড়ী # ২২০, রোড # ০২ | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ৫* বারিধারা ডিওএইচএস এলাকায় তাম্বুলা খেলার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে মাসে ২ দিন তাম্বুলা খেলার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরিষদ ট্রেজারার ও মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন যৌথভাবে সব আয়োজন সম্পন্ন করে প্রথম তাম্বুলার দিনক্ষণ নির্ধারণ করবেন। | ট্রেজারার এবং মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |

আলোচ্যসূচী - ৬ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় জেনারেটরের ডিজেল বিক্রির জন্য আবেদন এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বারিধারা ডিওএইচএস এলাকায় জেনারেটরের ডিজেল বিক্রির জন্য ৩য় ব্যক্তি হিসেবে মোঃ সরোয়ারকে অনুমতি প্রদান করা হয়। মোঃ সরোয়ার ডিওএইচএস বাসীর নিকট হতে চাহিদা প্রাপ্তি সাপেক্ষে ডিজেল সরবরাহ করবে। একাধিক লোক নিয়োগ করতে পারবে না এবং ডিজেল বিক্রয়ের জন্য আর কোন ব্যক্তিকে অনুমতি দেয়া হবে না।

মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন

আলোচ্যসূচী - ৭ ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার পরিচালনা, প্রেসিডেন্ট অফিস, সেক্রেটারী অফিস, ট্রেজারার অফিস, মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন অফিস, পরিষদ অফিস, সভাকক্ষ, লেডিস ক্লাব স্থাপন করা, কনভেনশন সেন্টারের চুক্তিপত্র এবং সেবাপ্রদানকারী সংস্থার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ সিদ্ধান্ত অনুযায়ী কনভেনশন সেন্টারের লেভেল-১ এ লেডিস রুম এবং বিভিন্ন সাব কমিটির সভার জন্য অফিস স্থাপন করা হবে। লেভেল-২ তে Proper office স্থাপন ও সকল সদস্যের নিজস্ব সময়ে কাজ করার সুবিধার্থে ৩টি টেবিলসহ চেয়ার স্থাপন করা হবে। লেভেল-৩ তে Conference room এবং প্রেসিডেন্টের জন্য অফিস স্থাপন করা হবে। ১লা মে থেকে কনভেনশন সেন্টারের সকল প্রকার ব্যবস্থাপনা বারিধারা ডিওএইচএস পরিষদ কমিটি কর্তৃক পরিচালিত হবে। কমিটি এ ব্যাপারে বিস্তারিত কার্যক্রম গ্রহণ করবে। ইতিমধ্যে প্রনয়ণকৃত বিভিন্ন সংস্থার চুক্তিটি ২য় পক্ষের সাথে আলোচনা করে কিছু পরিবর্তন আনা হবে।

কনভেনশন সেন্টার পরিচালনা কমিটি

২টি হলের বিদ্যমান ভাড়ার কিছু পরিবর্তন এনে সর্ব-সম্মতিক্রমে নিম্নভাবে নির্ধারণ করা হয়ঃ

| ক্রঃ নং | ক্যাটাগরী | হল ভাড়া প্রতিটি | ভ্যাট ১৫% মূল ভাড়ার | বিবিধ সার্ভিস চার্জ | মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ক। | সামরিক বাহিনীর অফিসারবৃন্দ (নিজ/পুত্র/কন্যা/নাতি) | ৭,৫০০.০০ | ১১২৫.০০ | ৪,০০০.০০ | ১২,৬২৫.০০ | ২টি হল ভাড়া নেয়া হলে সার্ভিস চার্জ মোট ৬০০০ টাকা। |
| খ। | বারিধারা ডিওএইচএস এ বসবাসকারী প্রতিরক্ষা বাজেট হতে বেতনভূক্ত অফিসারবৃন্দ ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা ও কর্মচারী। | ৭,৫০০.০০ | ১১২৫.০০ | ৪,০০০.০০ | ১২,৬২৫.০০ | ” |
| গ। | বারিধারা ডিএইচএস এর প্লট/ফ্ল্যাট মালিকগণ (ক্রয়সূত্রে)। | ১০,০০০.০০ | ১৫০০.০০ | ৪,০০০.০০ | ১৫,৫০০.০০ | ” |
| ঘ। | বারিধারা ডিওএইচএস এ বসবাসকারী ভাড়াটিয়াগণ। | ১৫,০০০.০০ | ২২৫০.০০ | ৪,০০০.০০ | ২১,২৫০.০০ | ” |
| ঙ। | অন্যান্য সকলের জন্য প্রযোজ্য। | ৩০,০০০.০০ | ৪৫০০.০০ | ৪,০০০.০০ | ৩৮,৫০০.০০ | ” |

আলোচ্যসূচী-৮ ঃ বৈশাখী মেলার ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। সুষ্ঠু ও সুন্দরভাবে বৈশাখী মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পাদিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। অংশগ্রহণ কারীদের সম্মানে একটি প্রীতিভোজের আয়োজন করার জন্য ৩০,০০০.০০ টাকা পরিষদ ফান্ড হতে খরচ করার অনুমোদন দেয়া হয়।

গেমস, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি

আলোচ্যসূচী - ৯ ঃ বারিধারা ডিওএইচএস এর পুকুর লিজ ও চুক্তিপত্র নিয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস পুকুর লিজ দেওয়ার জন্য ২৩ মার্চ ২০১৩ হতে ১০ এপ্রিল ২০১৩ পর্যন্ত দরপত্র আহব্বান করা হয় এবং ০৭ জন লিজ গ্রহীতা টেন্ডার জমা দেয়। বোর্ড কর্তৃক টেন্ডার খোলা হয় এবং কর্ণেল কাজী আশরাফ উদ্দিন আহমেদ (অবঃ), বাড়ী # ২২০, রোড # ০২ তিনি সর্বোচ্চ দরদাতা হিসেবে ২৫,৩৫,০৩৫.০০ (পচিঁশ লক্ষ পয়ত্রিশ হাজার, পয়ত্রিশ টাকা) টাকার লিজ গ্রহীতা নির্বাচিত হয়েছেন। আগামী ০১ মে ২০১৩ তারিখ হতে লিজ প্রদানের চুক্তিপত্র হবে এবং প্রথম কিস্তি ৩০ এপ্রিল ২০১৩ তারিখ ৪০%

মসজিদ সাব-কমিটি

| | |
|---|---|
| প্রদান করবেন, ৩০ এপ্রিল ২০১৪ তারিখ ৩০% প্রদান করবেন এবং ৩০ এপ্রিল ২০১৫ তারিখ ৩০% প্রদান করার বিষয়ে সকল সদস্য সম্মতি প্রদান করেন। | |
| <u>আলোচ্যসূচী-১০ ঃ</u> মেম্বার/টেলিফোন ডাইরেক্টরী ১লা জুলাই ২০১৩ এর মধ্যে ডিওএইচএস পরিষদের সকল সদস্যের নিকট পৌছানো হবে মর্মে পাবলিকেশন মেম্বার ডাইরেক্টরী সাব-কমিটির আহবায়ক সভায় উপস্থিত সকল সদস্যকে অবহিত করেন। | কনভেনার পাবলিকেশন সাব-কমিটি |
| <u>আলোচ্যসূচী-১১ ঃ</u> ডিওএইচএস বাইপাস সড়ক ২টির মেরামত করা প্রয়োজন। রাস্তা ২টির অনেক স্থানের কার্পেটিং নষ্ট হয়ে যাওয়ায় আসন্ন বর্ষা মৌসুমে যান চলাচলে আরও অসুবিধা সৃষ্টি হবে। রাস্তা ২টির মেরামত কার্যক্রম এই মুহূর্তে সেনাবাহিনী বা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক হাতে নেয়ার সম্ভাবনা নেই। বিষয়টি সভাপতি কর্তৃক উত্থাপন করা হলে আনুমানিক ১,১০,০০০.০০ টাকা ব্যয়ে রাস্তা ২টি যান চলাচলের উপযোগী করার জন্য উপস্থিত সকল সদস্য সম্মতি প্রদান করেন। | সভাপতি |

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

৫। ৬৬তম ইসি সভার কার্যবিবরনী তারিখ ২২ এপ্রিল ২০১৩ বাতিল করা হলো।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ ২২ এপ্রিল ২০১৩

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ 22 এপ্রিল ২০১৩

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য

E:\All Doc preserved of 2013\Meeting - 105\MEETING OF AGM, GM & EC - 2011\Menits of all EC meeting\Minits of All EC Meeting-2011, 2012 &